বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**২৭ মে, ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আরএডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মুহাম্মদ আমিরুল হক ভূঞা<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৭-০৫-২০২৪ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক -তে দ্রষ্টব্য |

বিগত ২৭ মে, ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (আরএডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ২১/০৫/২০২৪ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালকগণ, বিভিন্ন জোনের প্রধান প্রকৌশলীগণ, পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ এবং সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও মাঠ পর্যায়ের অন্যান্য জোনের প্রধান প্রকৌশলীবৃন্দ, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoom এ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২৩-২৪ অর্থবছরে আরএডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ১২০টি চলমান প্রকল্পের অনুকূলে ১২১৮০.৯১ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ১০৪১৪.১৭ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১৭৬৬.৭৪ কোটি টাকা এবং টাকাংশ ১৬৭৯.৬৭ কোটি টাকা। ১ জুলাই ২০২৩ হতে ২১ মে, ২০২৪ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ৮৭৮২.২৮ কোটি (জিওবি ৭৫১৪.৬৪ কোটি, প্রকল্প সাহায্য ১২৬৭.৬৪ কোটি ) টাকা, যা মোট বরাদ্দের ৭২.১০% । একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ৭৮১৪.৮২ কোটি (জিওবি ৬৬৬৪.৪৯ কোটি, প্রকল্প সাহায্য ১১৫০.৩৩ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৬৪.১৬%, প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ৭৪.৩১%। আরএডিপি বহির্ভূত আরো ১টি নতুন প্রকল্প রয়েছে। আরএডিপিভুক্ত ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (১২০+১)= ১২১টি, যার মধ্যে ৫টি প্রকল্প ইতোমধ্যে সমাপ্ত হয়েছে এবং ৩৩টি প্রকল্প চলতি ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | |

| | | |
|---|---|---|
| ১ | কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা জোন এর প্রকল্প নিয়ে আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর থেকে নারিশাবাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বাম তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" প্রকল্পে আরএডিপিতে প্রদানকৃত বরাদ্দ সম্পূর্ণরূপে খরচ করতে হবে। কর্মপরিকল্পনা অনুসারে কাজ সম্পন্ন করতে হবে।<br>খ) "গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন দূর্গাপুর ইউনিয়নের তারাগঞ্জ বাজার এবং সংলগ্ন এলাকা শীতলক্ষ্যা নদীর ভাঙ্গান হতে রক্ষা" প্রকল্পের মে, ২০২৪ অনুযায়ী বাস্তব অগ্রগতি ৯২%। জুন, ২০২৪ এর মধ্যে আবশ্যিকভাবে বাকি কাজ শেষ করে প্রকল্প সমাপ্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী,<br>কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা |
| ২ | উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "সিলেট জেলায় সিলেট সদর ও বিশ্বনাথ উপজেলায় দশগ্রাম, মাহতাবপুর ও রাজাপুর পরগণা বাজার এলাকা সুরমা নদীর উভয় তীরের ভাঙ্গান হতে রক্ষা (১ম সংশোধিত) " শীর্ষক প্রকল্পটির ড্রেজিং কাজের অগ্রগতি বৃদ্ধি করতে হবে। ড্রেজিং কাজের সমাপ্ত প্যাকেজসমূহ হতে ড্রেজার এনে চলমান প্যাকেজসমূহে মোবিলাইজেশন করতে হবে এবং জুন, ২০২৪ এর মধ্যে আবশ্যিকভাবে প্রকল্পের অবশিষ্ট কাজ শেষ করে প্রকল্প সমাপ্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী,<br>উত্তর-পূর্বাঞ্চল, সিলেট |
| ৩ | উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলায় ঘুঘুমারী হতে ফুলুয়ারচর ঘাট ও রাজিবপুর উপজেলা সদর (মেম্বারপাড়া) হতে মোহনগঞ্জ বাজার পর্যন্ত ব্রহ্মপুত্র নদের বাম তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)" প্রকল্পের কাজ জুন, ২০২৪ এর মধ্যে সমাপ্ত হবেনা বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির আবেদন বোর্ডে দ্রুত প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী,<br>উত্তরাঞ্চল, রংপুর |
| ৪ | বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক)"Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP) Component-B : Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় গৃহিত সমস্ত প্যাকেজ জুন, ২০২৪ এর মধ্যে সমাপ্ত করতে হবে।<br>খ) "Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় বৈদ্যুতিক সরবরাহ লাইন স্থাপনপূর্বক জুন, ২০২৪ এর মধ্যে আবশ্যিকভাবে প্রকল্পের অবশিষ্ট কাজ শেষ করে প্রকল্প সমাপ্ত করতে হবে। | (ক) প্রকল্প পরিচালক, SHISEWS<br><br>(খ) প্রকল্প পরিচালক, IMIP |

**৪। মহাপরিচালক মহোদয় সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:-**

ক) RADP বরাদ্দের সমুদয় অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।

খ) ২০২৩-২৪ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর লক্ষ্যমাত্রাসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯-০৬-২০২৪
মুহাম্মদ আমিরুল হক ভূঞা
মহাপরিচালক

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৬। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৭। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা;
৮। প্রকল্প পরিচালক, CDSP/Climate Smart/HFMLIP, বাপাউবো, ঢাকা;
৯। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১০। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১১। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১২। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ বরিশাল/ফরিদপুর/ খুলনা/ রাজশাহী/ রংপুর।;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৪। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, পওর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৫। প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা;
১৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ;
১৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা;
১৯। প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSRP-SHISEWS/ FRERMIP-2/ IMIP-MIP/ DRMEP Comp-1/ ড্রেজার ক্রয়/ সীমান্ত নদী (২য় পর্যায়)/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা।;
২০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), সকল পওর/ পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো;
২১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কাবিখা মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩০। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩২। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৪। পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৫। পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৬। পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৭। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৮। পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৯। পরিচালক, শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪০। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪২। যুগ্ম প্রধান, যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
৪৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
৪৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
৪৬। কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
৪৭। নির্বাহী প্রকৌশলী (পুর), সকল পওর/ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো।

১০-০৬-২০২৪
মুহাম্মদ আনোয়ার সাদাত
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক